

Local Government OMBUDSMAN

**কাউন্সিলের কাছে অভিযোগ জানিয়েছেন?
এখনও সন্তুষ্ট নন?**

স্থানীয় সরকারের ন্যায্যপাল [Local Government Ombudsman] কাউন্সিল এবং অন্যান্য কোনো কোনো কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ বিবেচনা করেন। এই পরিষেবাটি বিনামূল্যে পাওয়া যায়। আমাদের কাজ হল নিরপেক্ষ এবং স্বাধীনভাবে অভিযোগের তদন্ত করা -- আমরা কোনো পক্ষের সমর্থনে কাজ করি না।

যদি কাউন্সিলের পরিষেবা নিয়ে আপনার কোনো সমস্যা থাকে, তাহলে প্রথমে কাউন্সিলের কাছে অভিযোগ জানাবেন। কিন্তু তারপরেও যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে আমরা আপনাকে সাহায্য করতে পারি। আমাদের পরামর্শ দলকে [Advice Team] 0845 602 1983 নম্বরে টেলিফোন করুন।

টেলিফোনে দোভাষী পরিষেবা পাওয়া যায় -- যদি এই পরিষেবা ব্যবহার করতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার পরামর্শদাতাকে বলুন। দোভাষীর মাধ্যমে পরামর্শদাতা আপনার কথা শুনবেন এবং জানাবেন যে আমরা আপনার অভিযোগটি বিবেচনা করতে পারব কি না। যদি অভিযোগটি আমাদের বিবেচনার যোগ্য হয়, তাহলে পরামর্শদাতা বিস্তারিত তথ্য সংগ্রহ করবেন, আমাদের ভূমিকাটি ব্যাখ্যা করবেন এবং তারপরে কী হবে সে বিষয়ে আপনাকে জানাবেন।

আমরা যা করতে পারি

আমরা কাউন্সিলের অধিকাংশ পরিষেবার বিরুদ্ধে অভিযোগের তদন্ত করতে পারি যার মধ্যে আছে :

- আবাসন
- পরিকল্পনা
- শিক্ষা
- সমাজসেবা
- আবাসন বেনিফিট
- কাউন্সিল ট্যাক্স
- অসামাজিক আচরণ
- পরিবেশ এবং আবর্জনা

যদি আমরা দেখি যে কাউন্সিল ভুল করেছে, তাহলে আমরা কাউন্সিলকে সেই ভুল সংশোধন করানোর চেষ্টা করি।

আমরা যা করতে পারি না

আমরা কাউন্সিলের কোনো পদক্ষেপ সম্পর্কে শুধু আপনি সিদ্ধান্তের সঙ্গে একমত নন এই কারণবশত প্রশ্ন উত্থাপন করতে পারি না। কাউন্সিলের কাজে কোনো ভুলত্রুটি থাকলেই আমরা এটা করতে পারি। তাছাড়া, যদি অধিকতর উপযুক্ত কোনো সংস্থা উপস্থিত থাকে, তাহলে আমরা অভিযোগের তদন্ত করব না।